

## ■■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৫২১ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৬০৩]

৪৬। সদ্যবহার, আত্মীয়তার সম্পর্ক রক্ষা ও শিষ্টাচার (كتاب البر والصلة والآداب)

পরিচ্ছেদঃ ২৫. যাদের উপর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অভিসম্পাত করেছেন, তিরস্কার করেছেন অথবা বদদুআ করেছেন; অথচ তারা এর যোগ্য নয়, তাদের জন্য তা হবে পবিত্রতা, পুরস্কার ও রহমাত স্বরূপ

باب من لعنه النبي صلى الله عليه وسلم أو سبه أو دعا عليه وليس هو أهلا لذلك كان له زكاة وأجرا ورحمة باب مَنْ لَعَنَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم أَوْ سَبَّهُ أَوْ دَعَا عَلَيْهِ

আরবী

حَدَّتَنِي زُهَيْرُ بِنُ حَرْبِ، وَأَبُو مَعْنِ الرَّقَاشِيُّ \_ وَاللَّفْظُ لِزُهَيْرٍ \_ قَالاَ حَدَّثَنِي أَنسُ بِنُ مَالِك، قَالَ يُونُس َ حَدَّثَنِي أَنسُ بِنُ مَالِك، قَالَ يُونُس َ حَدَّثَنِي أَنسُ بِنُ مَالِك، قَالَ كَانَتْ عِنْدَ أُمِّ سُلَيْمٍ يَتِيمَةٌ وَهِيَ أُمُّ أَنسٍ فَرَأَى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الْيَتِيمَةَ فَقَالَ " نَنْت هِيهُ لَقَدْ كَبِرْت لاَ كَبِرَ سِنُّك " . فَرَجَعَت الْيَتِيمَةُ إِلَى أُمِّ سُلَيْمٍ تَبْكِي فَقَالَتْ أُمُّ سُلَيْمٍ مَا لَكَ يَا بُنَيَّةُ قَالَت الْجَارِيَةُ دَعَا عَلَىَّ نَبِيُّ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ لاَ يَكْبَرَ سِنِّي فَالآنَ لاَ يَكْبَرُ سِنِّي أَبَدًا \_ أَوْ قَالَتْ قَرْنِي \_ فَحَرَجَتْ أُمُّ سُلَيْمٍ مُسْتَعْجِلَةً تَلُوثُ سِنِي فَالآنَ لاَ يَكْبَرُ سِنِّي أَللَهِ صلى الله عليه وسلم قَقَالَ لَهَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَقَالَ لَهَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَقَالَ لَهَا رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم قَقَالَ لَهَا رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " مَا لَكَ يَا أُمَّ سُلَيْمٍ " . قَالَتْ رَعَمَتْ أَنَّكَ دَعَوْتَ أَنْ لاَ يَكْبَرَ سَنُهَا وَلاَ يَكْبَرَ قَرْنُهَا \_ قَالَ \_ وَمَا ذَاكِ عَلَى رَبِّي فَقُلْتُ إِنَّ مَا لَكِي اللّهِ عَلَى اللهُ عَلْهُ وَلاَ يَكْبَرَ قَرْنُهَا \_ قَالَ " وَمَا ذَاكِ عَلَى رَبِي فَقُلْتُ إِنَّمَا أَنَا بَشَرٌ أَرْضَى كَمَا يَرْضَى الْبَسَرُ وَأَعْضَبُ عَلَى رَبِّي فَقُلْتُ إِنَّمَا أَنَا بَشَرٌ أَرْضَى كَمَا يَرْضَى الْبَشَرُ وَأَعْضَبُ عَلَى الْبَشَرُ وَلَّ الْمَوْلُ اللّهِ عَلَى مَنْ يُتَيِمَةٌ . بِالتَصْغِيرِ فِي عَلَى الْبَشَرُ وَقُرْبَةً بِهِا مِنْ أَعْيَامَةٍ " . وَقَالَ أَبُو مَعْنِ يُتَيِمَةٌ . بِالتَصْغِيرِ فِي الْمُورَا وَزَكَاةً وَقُرْبَةً بِهَا مِنْهُ يَوْمَ الْقِيَامَةِ " . وَقَالَ أَبُو مَعْنِ يُتَيِمَةٌ . بِالتَصْغِيرِ فِي الْمُواضِعِ الشَّلَاقُ الْقَيَامَةِ " . وَقَالَ أَبُو مَعْنِ يُتَيِمَةٌ . بِالتَصْغِيرِ فِي الْمُولَا عَلَى الْمُولِعِ النَّلَامُ الْمُواضِعِ الثَّلَاقَةِ مِنَ الْحَدِيثِ .

বাংলা



৬৫২১-(৯৫/২৬০৩) যুহায়র ইবনু হারব ও আবু মা'ন আর রাক্কাশী (রহঃ) ..... আনাস ইবনু মালিক (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আনাস (রাযিঃ) এর মা উন্মু সুলায়ম এর নিকট এক ইয়াতীম মেয়ে ছিল। রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তাকে দেখে বললেন, এ তুমি সে মেয়ে? তুমি তো অনেক বড় হয়েছ; কিন্তু তুমি দীর্ঘায়ু হবে না। তখন ইয়াতীম মেয়েটি উন্মু সুলায়মের নিকট এসে কাঁদতে লাগল। তখন উন্মু সুলায়ম (রাযিঃ) বললেন, তোমার কী হয়েছে? হে আমার স্নেহের মেয়ে! মেয়েটি বলল, নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমাকে বদদু'আ করেছেন। তিনি বলেছেন, আমি দীর্ঘায়ু হব না। সুতরাং এখন থেকে আমি বয়সে আর বড় হব না। অথবা সে عَرْنِي এর স্থলে عَرْنِي (আমার সমবয়সী) বলেছিল। এ কথা শুনে উন্মু সুলায়ম (রাযিঃ) তাড়াতাড়ি গায়ে চাদর দিয়ে বেরিয়ে পড়েন এবং রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে দেখা করেন। তখন তাঁর উদ্দেশে রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, কী ব্যাপার, হে উন্মু সুলায়ম! তিনি বললেন, ইয়া রসূলাল্লাহ। আপনি কি আমার ইয়াতীম মেয়েটিকে বদদু'আ করেছেন? তিনি বললেন, হে উন্মু সুলায়ম! এটা কেমন কথা! বদদু'আ করব কেন? উন্মু সুলায়ম বললেন, সে তো মনে করেছে যে, আপনি তাকে বদদু'আ করেছেন যেন তার বয়স না বাড়ে কিংবা তার সমবয়সীর বয়স বৃদ্ধি না পায়।

রাবী বলেন, তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুচকি হেসে বললেন, হে উম্মু সুলায়ম! তুমি বোধহয় জান না যে, আমার রবের সাথে এ মর্মে আমি শর্ত করেছি এবং আমি বলেছি যে, আমি একজন মানুষ মাত্র। মানুষ যাতে সন্তুষ্ট থাকে আমিও তাতে সন্তুষ্ট হই। আমিও রাগাম্বিত হই যেভাবে মানুষ রাগাম্বিত হয়ে থাকে। সুতরাং আমি আমার উম্মাতের কোন লোকের বিরুদ্ধে বদদু'আ করলে সে যদি তার যোগ্য না হয় তাহলে তা তার জন্য পবিত্রতা, আত্মন্তদ্ধি ও নৈকট্যের সোপান বানিয়ে দাও, যার দ্বারা কিয়ামতের দিনে সে তোমার নৈকট্য অর্জন করতে পারে। আবু মা'ন (রহঃ) উল্লেখিত এক হাদীসে তিন জায়গায় আমুল্লি ও মেনে। (ইসলামিক ফাউন্ডেশন ৬০৮৯, ইসলামিক সেন্টার ৬৪৪০)

## **English**

Anas b. Malik reported that there was an orphan girl with Umm Sulaim (who was the mother of Anas). Allah's Messenger (ﷺ) saw that orphan girl and said:

O, it is you; you have grown young. May you not advance in years! That slave-girl returned to Umm Sulaim weeping. Umm Sulaim said: O daughter, what is the matter with you? She said: Allah's Apostle (\*\*) has invoked curse upon me that I should not grow in age and thus I would never grow in age, or she said, in my (length) of life. Umm Sulaim went out wrapping her head-dress hurriedly until she met Allah's Messenger (\*\*). He said to her: Umm Sulaim, what is the matter with you? She said: Allah's Apostle, you invoked curse upon my orphan girl. He said: Umm Sulaim, what is that? She said: She (the orphan girl) states you have cursed her saying that she might not grow in age or grow in life. Allah's Messenger (\*\*) smiled and then said:



Umm Sulaim, don't you know that I have made this term with my Lord. And the term with my Lord is that I said to Him: 1 am a human being and I am pleased just as a human being is pleased and I lose temper just as a human being loses temper, so for any person from amongst my Ummah whom I curse and he in no way deserves it, let that, O Lord, be made a source of purification and purity and nearness to (Allah) on the Day of Resurrection.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন